ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬১৬

মোহনপুর, ২৯ আগস্ট, ২০২৫

**মোহনপুরে জাতীয় ক্রীড়া দিবস উদযাপিত**

মোহনপুরে ফটিকছড়া চা বাগানের মাঠে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে মোহনপুর মহকুমা ভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের শুরুতে হকির যাদুকর ধ্যানচাঁদের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান অতিথি এবং খেলোয়াড়গণ। ইয়ুথ প্রোগ্রাম অফিসার উপস্থিত সকলকে শপথবাক্য পাঠ করান। বিভিন্ন বিদ্যালয় এবং মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিভিন্ন ইভেন্টে খেলাধুলায় অংশ নেয়। জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে আগামীকাল এবং ৩১ আগস্ট বিভিন্ন খেলার আয়োজন করা হয়েছে।

*****